মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয় ঃ ৩৪৬/২ ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ।
ফোন ঃ ০৯১-৬৩৩৩৩,
E-mail : chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd

স্মারক নং- মশিবো/শের/কলেজ/২০১৯/ ০৫০৭ **তারিখঃ** ০৮.০১.২০২০

বিষয় : **বেসরকারি কলেজ স্থাপনের অনুমতি প্রদান প্রসঙ্গে।**

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ১০/০৬/২০১৯ইং তারিখের স্মারক নং - ৩৭.০০.০০০০.০৭০.১৬.০০১.১৭.১৫০।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে শেরপুর জেলার সদর উপজেলাধীন 'মন্মথ দে মহাবিদ্যালয়' এর বেসরকারি কলেজ স্থাপনের অনুমতি প্রদানের লক্ষ্যে বোর্ড কর্তৃক পরিদর্শন করা হয়েছে। পরিদর্শন কর্মকর্তার সুপারিশ ও মন্তব্য সম্বলিত প্রতিবেদনটি পরবর্তী সদয় নির্দেশনার জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

(প্রফেসর ড. গাজী হাসান কামাল) ৮.১.২০২০
চেয়ারম্যান
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ময়মনসিংহ।

সিনিয়র সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সংযুক্ত : ০১ (এক) ফর্দ

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ ৩৪৬/২ ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ
ফোন ঃ ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান),
E-mail : chairmanbisemym@gmail.com,
www.mymensingheducationboard.gov.bd

কলেজ স্থাপনের জন্য
পরিদর্শন ছক

কলেজের নাম (প্রস্তাবিত) : মন্মথ দে মহাবিদ্যালয়।
ঠিকানা : দেশরত্ন শেখ হাসিনা নগর (মধ্যের চর) বলাইরচর, শেরপুর সদর, শেরপুর ।
পরিদর্শনকারীর নাম ও পদবী : জনাব জামাল উদ্দীন আহমেদ,
উপ-কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।
পরিদর্শনের তারিখ : ২০/০৮/১৯ইং

ক্র: নং	বিষয়	নীতিমালা অনুযায়ী পূরণীয় শর্ত সমূহ		কলেজের বর্তমান অবস্থান বর্ণনা	মন্তব্য
১	প্রস্তাবিত কলেজের অবস্থান (মহানগর/পৌর ও শিল্প এলাকা/ মফস্বল)	মফস্বল (বিশেস্বায়ীত চর অঞ্চল ও প্রস্তাবিত শেরপুর জামালপুর অর্থনৈতিক জোন)।		শেরপুর জামালপুর ব্রক্ষপুত্র ব্রীজ হতে ২ কিমি: দক্ষিণ পূর্ব দিকে অবস্থিত।	শর্ত পূরণকৃত
২	কলেজের চতুর্দিকে বিদ্যামান নিকটতম কলেজ সমূহের নাম ও দূরত্ব	দিক	কলেজের নাম ও ঠিকানা	প্রস্তাবিত কলেজের অবস্থান হতে দূরত্ব	শর্ত পূরণকৃত
		পূর্ব	চন্দ্রকোনা মহাবিদ্যালয়	১৫ কি.মি	
		পশ্চিম	সরকারী আশেক মাহমুদ কলেজ	৮ কি.মি	
			জাহেদা সফির মহিলা কলেজ	৭ কি.মি	
		উত্তর	জমসেদ আলী মেমোরিয়াল কলেজ	৮ কি.মি	
			শেরপুর সরকারী কলেজ	১২ কি.মি	
		দক্ষিণ	নান্দিনা শেখ আনোয়ার হোসাইন কলেজ	১২ কি.মি	
৩.	প্রস্তাবিত থানা/উপজেলা মোট জনসংখ্যা	প্রস্তাবিত শেরপুর সদর উপজেলার মোট জনসংখ্যা- ৪,৪৯,৭৯৮ জন।			
৪.	প্রস্তাবিত থাকা / উপজেলার বিদ্যামান কলেজের সংখ্যা ও নাম	১. শেরপুর সরকারী কলেজ। ২. শেরপুর সরকারী মহিলা কলেজ। ৩. জমসেদ আলী মেমোরিয়াল কলেজ। ৪. বীর মুক্তিযোদ্ধা আতিউর রহমান মডেল কলেজ। ৫. শহীদ আঃ রশিদ কমার্স কলেজ। ৬. ডা ঃ সেকান্দর আলী মহাবিদ্যালয়।			
৫.	প্রস্তাবিত কলেজের চতুর্দিকে নিকটবর্তী এলাকায় বিদ্যমান মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসার সংখ্যা	মাধ্যমিক বিদ্যালয় ঃ ১৩টি মাদ্রাসা ঃ ০১টি			শর্ত পূরণকৃত
৬.	জনসংখ্যা অনুযায়ী নতুন কলেজের প্রাপ্রতা রয়েছে কিনা?	শেরপুর সদর উপজেলার চরাঞ্চলের ৫টি ও জামালপুর সদর উপজেলার চরাঞ্চলের ৩টি মোট ৮টি ইউনিয়নের জনসংখ্যা ৪,২৫,০০০ জন। কাজেই জনসংখ্যা অনুযায়ী নতুন কলেজের প্রাপ্যতা রয়েছে।			শর্ত পূরণ কৃত
৭.	সম্ভব্য জমির পরিমাণ	১০৪ শতাংশ			শর্ত পূরণ কৃত

			কৃত
৮	উদ্যোক্ত/উদ্যোক্তাগণের পরিচয় ও সমাজ সেবায় অবদান	১. প্রতিষ্ঠাতা সভাপতি মুক্তিযোদ্ধা জনাব মান্নান ভাসানী- শিক্ষা লাভের পর থেকেই দরিদ্র ও পশ্চাৎপদ জনগোষ্ঠীর অর্থনৈতিক মুক্তি ও দূরদশা লাঘবে দূর্যোগকালীন ত্রাণ ও পুনরবাসন, স্বাস্থ্য পুষ্টী স্যানিটেশন, বয়স্ক ও শিশু শিক্ষা, কৃষি প্রযুক্তি হস্তান্তর, কৃষি উপকরণ সরবরাহ এবং মানবাধিকার রক্ষায় বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন সহ স্কুল ও বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় অনুদান প্রদান করে আসছেন। ২. মামুন অর-রশিদ সহ সভাপতিঃ তিনি মুক্তিযুদ্ধ যাদুঘরের প্রতিষ্ঠাতা সহ বিভিন্ন সামাজিক উন্নয়ন মূলক কার্যক্রম বাস্তবায়নে সক্রিয় ভূমিকা পালন করে আসছেন। এছাড়াও সমাজের বিত্তবান এবং গণ্য মান্য ব্যক্তিগণ কলেজ পরিচালনার সার্থে যাবতীয় কার্যক্রমে সক্রীয় ভূমিকা রাখবেন।	শর্ত পূরণ কৃত
৯	প্রস্তাবিত এলাকায় কলেজ স্থাপনের যৌক্তিকতা	দেশরত্ন জননেত্রী শেখ হাসিনা প্রস্তাবিত এলাকায় একটি জনসভা করেছিলেন সেই সময় এখানে একটি কলেজের দাবী উত্থাপিত হয়। প্রস্তাবিত কলেজটি একজন মহান মুক্তিযোদ্ধা সংগঠক ও বিশিষ্ঠ মুক্তিযোদ্ধা বাবু মন্মথ দে নামকরনে এবং কলেজের প্রতিষ্ঠাতাও একজন মহান মুক্তিযোদ্ধা জনাব মান্নান ভাসানী। কলেজের প্রস্তাবিত এলাকা দেশরত্ন শেখ হাসিনা নগর (মধ্যেরচর) শেরপুর সদর এর নিকটবর্তী কোন উচ্চ শিক্ষার প্রতিষ্ঠান না থাকায় অত্র এলাকায় উচ্চ শিক্ষার দ্বার এক রকম বন্ধই বলা চলে। এবং দুরবর্তি কলেজ গুলাতে পড়া শুনার ব্যয় বহণ করা অনেক পরিবারের পক্ষ্যে সম্ভব হয়ে উঠে না। উচ্চ মাধ্যমিক স্তরের চরাঞ্চলের নারী শিক্ষার হার খুবই কম। হাতের কাছে কলেজ হলে চরাঞ্চলের ছাত্র ছাত্রিরা বাড়ীতে থেকেই উচ্চ শিক্ষার সুযোগ লাভ করতে পারবে, ফলসূতিতে চরাঞ্চলের সার্বিক শিক্ষার পাশা-পাশি নারী শিক্ষার হার বৃদ্ধি পাবে।	শর্ত পূরণ কৃত
১০	কলেজ স্থাপনের পরিচালনার ক্ষেত্রে প্রয়োজনীয় অর্থের সংস্থান	এলাকায় বিত্তবান এবং শিক্ষানুরাগী ব্যক্তিগণ এবং প্রতিষ্ঠাতা ও কলেজ কমিঠির সাথে জড়িত ব্যক্তিবর্গের এবং শিক্ষার্থীর কলেজের দেয় বেতন থেকে আয়কৃত অর্থ থেকে কলেজ পরিচালনার ব্যয় নির্বাহ করা হবে।	শর্ত পূরণ কৃত
১১	**ব্যক্তি নামকরণ :** ১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা তহবিলে জমা থাকতে হবে।	১৫,০০,০০০/- (পনের লক্ষ) টাকা তহবিলে জমা আছে।	শর্ত পূরণ কৃত

১২. পরিদর্শনকারীর সুস্পষ্ট মতামত/সুপারিশঃ

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭০.১৬.০০১.১৭.১৫০, তারিখ- ১০/০৬/২০১৯ খ্রিঃ এর নির্দেশক্রমে শেরপুর জেলার সদর উপজেলাধীন মন্মথ দে মহাবিদ্যালয় স্থাপনের অনুমতি প্রদানের লক্ষ্যে প্রতিষ্ঠানটি সরেজমিনে পরিদর্শন করা হয়েছে। প্রস্তাবিত প্রতিষ্ঠানটি স্থাপনের অনুমতির লক্ষ্যে প্রতিষ্ঠানটির নিজস্ব জমি, ভবন, দূরত্ব, জনসংখ্যার শর্তসমূহ পূরণ করতে সমর্থ হয়েছে। নিজস্ব দাখিলকৃত ভূমিতে ১ (এক) বছরের মধ্যে পরবর্তী কার্যক্রম চালু করার লক্ষে উক্ত বেসরকারি কলেজটি স্থাপন করা যেতে পারে মর্মে প্রেরন করা হল।

এমতাবস্থায় বর্ণিত কলেজটি স্থাপনের অনুমতি প্রদানের বিষয়ে সুপারিশ করা হলো।

5.01.2020

পরিদর্শন কর্মকর্তার
স্বাক্ষর ও সীল

Jamal Uddin Ahmed (10750)
BCS (General Education)
Deputy Inspector of College
Board of Intermediate & Secondary Education
Mymensingh.